

স্মারক নং - ০৫.৪৫.৭২৫৬.০০০.২৩.০০৬.১৯- ৭৫৯

তারিখঃ ০৩ নভেম্বর ২০২২

বিষয় : উপজেলা পর্যায়ে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয়ভাবে উদ্ভাবন উপস্থাপন, উদ্ভাবনী সংস্কৃতি তৈরি, সময়, খরচ ও যাতায়াত কমিয়ে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়া ও সকল শ্রেণি পেশার মানুষের ডিজিটাল সেবা-সুবিধা প্রাপ্তি বিষয়ে ব্যাপক প্রচার এবং স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে আগামী ১০ নভেম্বর ২০২২ তারিখ ডিজিটাল উদ্ভাবনী মেলার আয়োজন করা হয়েছে। উক্ত মেলায় জেলা ও জাতীয় কর্মসূচির আলোকে মদন উপজেলা প্রশাসন কর্তৃক নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে:

মেলার শ্লোগান : " উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ"

তারিখ	সময়	কর্মসূচি	স্থান	বাস্তবায়নে
১০.১১.২০২২	সকাল ৯.৩০টা	মেলা উদ্বোধন	উপজেলা পরিষদ প্রাঙ্গণ	সংশ্লিষ্ট কমিটি
১০.১১.২০২২	বেলা ১০.০০ টা	সরকারি দপ্তর, ইউনিয়ন পরিষদ, পৌরসভা, বেসকারি প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনসমূহের স্টলে স্থানীয়ভাবে উদ্ভাবন উপস্থাপন।	উপজেলা পরিষদ প্রাঙ্গণ	সকল সরকারি দপ্তর/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদ / শিক্ষা প্রতিষ্ঠান/বেসকারি প্রতিষ্ঠান/সামাজিক সংগঠন
১০.১১.২০২২	বেলা ১২.০০ টা	স্টল পরিদর্শন ও মূল্যায়ন	উপজেলা পরিষদ প্রাঙ্গণ	সংশ্লিষ্ট কমিটি
১০.১১.২০২২	বিকাল ৪.০০টা	পুরস্কার বিতরণ	উপজেলা পরিষদ প্রাঙ্গণ	সংশ্লিষ্ট কমিটি

ডিজিটাল উদ্ভাবনী মেলায় অংশগ্রহণকারীদের নিম্নোক্ত ০৪টি পিডিলিয়নে ভাগ করা হয়। তারা প্যাডিলিয়ন মোতাবেক উদ্ভাবনী উপস্থাপন করবেন।

ক্রম	প্যাডিলিয়নের নাম	অংশ গ্রহণকারী প্রতিষ্ঠান
০১	উদ্ভাবনী উদ্যোগ ও স্টার্টআপ	মাধ্যমিক পর্যায়ের কমপক্ষে ০৮টি শিক্ষা প্রতিষ্ঠান।(নিজস্ব উদ্ভাবনী উপস্থাপন করবে)
০২	ডিজিটাল সেবা	উপজেলা ভূমি অফিস, কৃষি অফিস, মৎস্য অফিস, প্রাণিসম্পদ অফিস, মহিলা বিষয়ক অফিস, মদন থানা, সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, এলজিইডি, মদন থানা, সমাজসেবা অফিস ও পরিবার পরিকল্পনা অফিস (মাল্টি মিডিয়ায় মাধ্যমে ডিজিটাল সেবা উপস্থাপন করতে হবে)।
০৩	হাতের মুঠোয় সেবা	সকল ব্যাংক, উপজেলা হিসাব রক্ষণ অফিস, পল্লী বিদ্যুত, ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স, তথ্য আপা অফিস। (মাল্টি মিডিয়ায় মাধ্যমে ডিজিটাল সেবা উপস্থাপন করতে হবে)।
০৪	শিক্ষা, দক্ষতা, উন্নয়ন ও কর্মসংস্থান	প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান (মাল্টি মিডিয়া ক্লাস উপস্থাপন)

সকল কর্মসূচিতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

.....

03/11/2022
(তানজিনা শাহরীন)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা।